আজকের কাগজ

তারিখ 30 SEP 1991
পৃষ্ঠা 2 কলাম ৩

১৬

# ক্যাম্পাসে উত্তেজনা মিছিল

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে একদল সশস্ত্র যুবকের আগমনে গতকাল রোববার সন্ধ্যায় ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, গতকাল সন্ধ্যায় একদল যুবক ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে এলে উপস্থিত ছাত্রছাত্রীদের মধ্যে তীব্র উত্তেজনা দেখা দেয়। তারা কিছুক্ষণ ঘোরাফেরা করার পর ঐ স্থান ত্যাগ করে।

এদিকে শেখ হাসিনার প্রাণনাশের ষড়যন্ত্র, টিএসসিতে গাড়ি ভাঙচুর এবং হাবিব হত্যার প্রতিবাদে গতকাল রোববার কয়েকটি ছাত্র সংগঠন পৃথক পৃথকভাবে মিছিল ও সমাবেশ করেছে।

**জাতীয়তাবাদী ছাত্রদল :** ছাত্রদল শনিবার টিএসসিতে গাড়ি ভাঙচুরের প্রতিবাদে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও ডাকসু ভবনের সামনে সমাবেশ করেছে। সমাবেশে বক্তৃতা করেন ইলিয়াস আলী, হাবিবুন্নবী সোহেল ও আলী আক্কাস নাদিম। বক্তারা সমাবেশে বলেন, কতগুলো বাম ছাত্র সংগঠন মিলে একটি জোট গঠন করেছে, আমরা তাদের সাধুবাদ জানাই। তারা সন্ত্রাসের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছে, অথচ তা তাদেরই জোটের একটি সংগঠন শনিবার গাড়ি ভাঙচুর করেছে। তারা প্রশ্ন করে বলেন, গাড়ি ভাঙচুর কি সন্ত্রাস নয়?

**ছাত্রলীগ (আ-অ) :** শেখ হাসিনার প্রাণনাশের প্রতিবাদে গতকাল আওয়ামী লীগ সমর্থক ছাত্রলীগ (আ-অ) ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করেছে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা শাহে আলম ও কামরুজ্জামান আনসারী। সমাবেশে নেতারা বলেন, বঙ্গবন্ধুর হত্যাকারী মেজর ডালিম এখন লন্ডনে। সেখানে বসে ডালিম আন্তর্জাতিক সন্ত্রাসীদের নিয়ে শেখ হাসিনার প্রাণনাশের ষড়যন্ত্র করছে।

**ছাত্রলীগ (না-শ) :** মধুর কেন্টিনের সামনে অনুষ্ঠিত ছাত্রলীগের (না-শ) সমাবেশে বলা হয়, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠান দখল করার জন্যে সরকারি ছাত্রসংগঠন সন্ত্রাসে মেতে উঠেছে।